

যুগান্তর

চবিতে ছাত্রলীগের ২ পক্ষের মধ্যে পালটাপালটি ধাওয়া

যুগান্তর ডেক্স

১৫ ফেব্রুয়ারি ২০২৪, ০৩:১৭:০৬ | [অনলাইন সংস্করণ](#)



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) আগের বিরোধের জের ধরে ছাত্রলীগের দুই পক্ষ বিজয় ও সিঙ্ক্রিটি নাইনের মধ্যে পালটাপালটি ধাওয়া ও ইটপাটকেল নিষ্কেপের ঘটনা ঘটেছে। বুধবার রাত ১১টার দিকে এ ঘটনা ঘটে। এতে কেউ আহত হওয়ার খবর পাওয়া যায়নি।

বিজয় গ্রুপ শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী ও সিঙ্ক্রিটি নাইন সাবেক সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের অনুসারী হিসেবে নিজেদের পরিচয় দেয়।

তবে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের বর্তমানে কোনো কমিটি নেই। নিজেদের মধ্যে বারবার সংঘর্ষ, ঠিকাদার, কর্মকর্তাদের থেকে চাঁদাবাজি ও সাংবাদিক মারধরের ঘটনার পর গত বছরের ২৪ সেপ্টেম্বর কমিটি বিলুপ্ত করে কেন্দ্র।

ছাত্রলীগ সূত্র জানায়, বিজয় পক্ষের ২০১৯-২০ শিক্ষাবর্ষের কামরূল ইসলাম ২০১৯ সালের দিকে সিঙ্ক্রিটি নাইনের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। পরে তিনি বিজয় পক্ষে যুক্ত হন। এ নিয়ে সিঙ্ক্রিটি নাইন পক্ষের ২০১৯-২০ শিক্ষাবর্ষের কর্মীদের সঙ্গে দীর্ঘদিন ধরেই কামরূলের বিরোধ চলে

আসছে। এ বিরোধকে কেন্দ্র করে গত রোববার কামরূলকে মারধর করেন সিক্রিটি নাইনের কর্মীরা।

পরে বুধবার রাতে সোহরাওয়ার্দী হলের দিকে সিক্রিটি নাইন পক্ষের এক কর্মী রাতের খাবার খেতে এলে কামরূলের সঙ্গে তার হাতাহাতির ঘটনা ঘটে। এ ঘটনা জানাজানি হওয়ার পর বিজয়ের কর্মীরা সোহরাওয়ার্দী হলের সামনে আর সিক্রিটি নাইনের কর্মীরা শাহজালাল হলের সামনে অবস্থান নেন।

পরে দুই পক্ষের মধ্যে পালটাপালটি ধাওয়া হয়। এ সময় দুই পক্ষের নেতা-কর্মীরাই একে অপরের দিকে ইটপাটকেল নিষ্কেপ করেন।

জানতে চাইলে বিজয় পক্ষের নেতা শাখাওয়াত হোসেন বলেন, জুনিয়রদের মধ্যে ঝামেলা হয়েছিল। এখন সিনিয়ররা মিলে সমাধান করার চেষ্টা করছেন।

সিক্রিটি নাইন পক্ষের নেতা শাখা ছাত্রলীগের সাবেক সহসভাপতি মিজানুর রহমান বলেন, দুই জুনিয়রের মধ্যে ব্যক্তিগত ঝামেলা নিয়ে হাতাহাতি হয়েছে। এটি রাজনৈতিক কোনো ঝামেলা নয়।

প্রষ্টরিয়াল বডির সদস্যরা পুলিশ নিয়ে গিয়ে রাত সোয়া ১১টার দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেন। বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রষ্টর নাজেমুল মুরাদ বলেন, এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে। দুই পক্ষকেই হলে পাঠানো হয়েছে। দুই পক্ষের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2024

